



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/7/2023

গভর্নর ক্যাথি হোকল

## তীব্র আবহাওয়ার সতর্কতা সম্পর্কে গভর্নর হোকলের বিবৃতি

“প্রচণ্ড বাতাস এবং ভারী বৃষ্টির কারণে নিউ ইয়র্কের বেশিরভাগ অংশ জুড়ে, বিশেষ করে সেন্ট্রাল নিউ ইয়র্ক ও নর্থ কান্ট্রিতে ক্ষতি হচ্ছে। ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service) বেশ কয়েকটি টর্নেডো সতর্কতা জারি করেছে এবং লুইস ও কটল্যান্ড উভয় কাউন্টিতে একটি টর্নেডো আঘাত হানার অনিশ্চিত খবর রয়েছে; নর্থ কান্ট্রি, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং মোহক ভ্যালি অঞ্চলের কিছু অংশে আকস্মিক বন্যার সতর্কতা জারি করা হয়েছে। আমার নির্দেশে, হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস বিভাগ (Division of Homeland Security and Emergency Services, DHSES) যেকোনো প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য ক্ষতিগ্রস্ত কমিউনিটি এবং জরুরি ব্যবস্থাপনা কর্মীদের সাথে নিবিড়ভাবে যোগাযোগ করছে। রাতারাতি আরো বৃষ্টিপাতের সম্ভাবনা থাকায়, সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য তাদের স্থানীয় পূর্বাভাস পর্যবেক্ষণ করা, পরিবর্তিত অবস্থার জন্য প্রস্তুতি নেওয়া এবং রাস্তা বন্ধ ও অন্যান্য নির্দেশিকা মেনে চলা গুরুত্বপূর্ণ। সবচেয়ে বড় কথা, আবদ্ধ জলের ভেতর দিয়ে গাড়ি চালানোর চেষ্টা করবেন না - এই সিদ্ধান্ত মারাত্মক ক্ষতির কারণ হতে পারে।”

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবক্লাইব করুন](#)